দৈনিক খবর

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 24 OCT 1988
পৃষ্ঠা ... ... কলাম ...

194

## রাজশাহীর টুকরো খবর

রাজশাহী, ২৭শে অক্টোবর (সংবাদদাতা)।— রাজশাহী শিল্প বণিক সমিতির কার্যনির্বাহী পরিষদের সাধারণ নির্বাচন সম্প্রতি অনুষ্ঠিত হয়। নির্বাচনে সাধারণ গ্রুপে মোট ১২ জন নির্বাচিত হয়েছেন। তারা হলেন এ কে এম মোস্তাফিজুর রহমান, নুরুন্নবী চাঁদ, আঃ ছালাম, মিজানুর রহমান, সদিরুল ইসলাম, মোহাম্মদ আলী, মোস্তফা, আজমাল, জাকারিয়া, ইসলামইল ও আবদুর রহমান।

**১৮ বছর বেতন নেই**

[illegible]শাহী পৌর কর্পোরেশনের অন্তর্ভুক্ত ভালুত পুকুর বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি ১৯৭০ সালে প্রতিষ্ঠিত হবার পর থেকেই ৪ জন শিক্ষক নিযুক্ত আছেন। ছাত্র ৩৪০ জন। ১৯৭৯ সালে বিদ্যালয়টি সরকারী রেজিষ্ট্রেশন প্রাপ্ত হলেও সুদীর্ঘ ১৮ বছর যাবৎ ঐ চার জন শিক্ষক কোন বেতন পাননি। বিদ্যালয়ের জন্যও কোনরূপ মঞ্জুরী দেয়া হয়নি বলে জানা গেছে।

অথচ এই ভালুত পুকুর এলাকায় কোন সরকারী প্রাথমিক বিদ্যালয় নেই বলে এলাকাবাসী অভিযোগে জানান।

**লোকনাথ স্কুলের ১৪১তম বার্ষিকী**

সম্প্রতি রাজশাহী লোকনাথ উচ্চ বিদ্যালয়ের ১৪১তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন রাজশাহী বিভাগের কমিশনার সৈয়দ আলমগীর ফারুক।

এতে সভাপতিত্ব করেন ব্যবস্থাপনা পরিষদের সভাপতি মোঃ মমতাজুর রহমান। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।